

স্মারক নং-জাককানইবি/রেজি:/একাডেমিক/ভর্তি (সাধারণ)/৪৬৮/১০/পাট-০১/৪১৫

তারিখ: ১৮/০২/২০২৫

২০২১-২২ শিক্ষাবর্ষে মাইগ্রেশনকৃত শিক্ষার্থীদের ভর্তি ফি ফেরত প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে যে সকল শিক্ষার্থী চূড়ান্ত ভর্তি কার্যক্রম সম্পন্ন করেছিল কিন্তু পরবর্তী সময়ে মাইগ্রেশনের মাধ্যমে GST'র অন্তর্ভুক্ত অন্য বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করে অধ্যয়নরত রয়েছে; সে সকল শিক্ষার্থীদের নিম্নোক্ত শর্ত সাপেক্ষে আগামী ২৩ ফেব্রুয়ারী ২০২৫ তারিখ থেকে ১৩ মার্চ ২০২৫ তারিখের অফিস চলাকালীন সময় ১০:০০-০৩:০০ টার মধ্যে (সাপ্তাহিক ও অন্যান্য ছুটির দিন ব্যতীত) আবেদন পত্রের মাধ্যমে স্বপক্ষে উপর্যুক্ত প্রমাণাদিসহ চূড়ান্ত ভর্তি ফি ফেরত নেয়ার জন্য আবেদন আহ্বান করা হলো। পরে শিক্ষার্থী কর্তৃক প্রদত্ত বিকাশ নম্বরে তা প্রেরণ করা হবে।

ফি ফেরত গ্রহণ সংক্রান্ত নির্দেশনা:

- শিক্ষার্থীকে স্বহস্তে রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় বরাবর আবেদন করতে হবে। সেইসাথে শিক্ষার্থীর মোবাইল নম্বর ও একটি বিকাশ (পার্সোনাল) নম্বর আবেদনে উল্লেখ করতে হবে এবং GST-ভর্তি পরীক্ষার পরীক্ষকের স্বাক্ষরিত রঙিন Admit Card এর ফটোকপি সংযুক্ত করে রেজিস্ট্রার দপ্তরের ডেসপাচ/রিসিভ শাখায় (নতুন প্রশাসনিক ভবনের ৩য় তলা) জমা প্রদান করতে হবে।
- জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তির সময় ব্যাংকে জমাকৃত টাকার মূল রশিদ আবেদনের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।
- শিক্ষার্থী GST'র অন্তর্ভুক্ত যে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন চলমান রয়েছে ঐ বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত ভর্তির ব্যাংক রশিদের ফটোকপি প্রদান করতে হবে।

প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক ফেরতের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ভর্তি ফি আবেদনে প্রদানকৃত বিকাশ নম্বরে ফেরত প্রদান করা হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক ওয়েবসাইট <https://nuadmission.online/>-এর মাধ্যমে শিক্ষার্থীদের তালিকাসহ ভর্তি ফি পরিমাণসহ ফেরত প্রদানের তারিখ প্রকাশ করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের পর আর কোনো আবেদন গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

(প্রফেসর ড. মো. মিজানুর রহমান)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়  
ত্রিশাল, ময়মনসিংহ।